## ইণ্ডিয়ান ষ্ট্যাণ্ডার্ড ব্যাঙ্ক লিঃ

স্থাপিত ১৯২৮

হেড অফিস ঃ—৩নং ম্যাঙ্গো লেন, কলিকাতা

শাখাসমূহ ঃ—

জঙ্গীপুর ও মেহেরপুর

ধুলিয়ান, রামপুরহাট শাখা শীঘ্রই খোলা হইবে।

সর্ব্বপ্রকার ব্যাঙ্কিং কার্য্য দক্ষতার সহিত করা হয়।

বিশেষ সর্ত্তাদির জন্য স্থানীয় ব্যাঙ্কে অনুসন্ধান করুন।

স্থানীয় এজেণ্ট ঃ— পি, চ্যাটার্জ্জি, বি-এল।

ম্যানেজিং ডিরেক্টর ঃ— পি, কে, গুহ।



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ৴৹ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩১শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৪ঠা আশ্বিন বুধবার ১৩৫১ ইংরাজী 20th Sept. 1944 { ১৯শ সংখ্যা



এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৫৪ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি;
লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস. এম-আর-সি-পি, এম-আর-সি-এস,
সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৹, ছোট ১৷৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র।
বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

"হিলিংবাম" ব্যবহারে আরোগ্য লাভের পর শরীরে বলাধান ও পুনরায় আক্রমণ প্রতিরোধের জন্য স্বর্ণঘটিত সালসা **স্যাণ্ডো** ব্যবহার করা একান্ত কর্ত্তব্য

"স্যাণ্ডো" স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫৷৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্‌।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং" কলিকাত



## জয়যাত্রার পথে

ভারতীয় জীবনবীমার ইতিহাসে হিন্দুস্থান প্রতি বৎসরই এক একটি গৌরবময় অধ্যায় রচনা করে। ১৯৪৩ সালে যুদ্ধ এবং দুর্ভিক্ষের সঙ্কটময় পরিস্থিতিতেও ইহার প্রভূত সাফল্য অন্যান্য বৎসরের তুলনায় অধিকতর গৌরবের পরিচায়ক। আর্থিক সংস্থানের সারবত্তা, বীমাপত্রের নিরাপত্তা, পরিচালন-পদ্ধতির নৈপুণ্য এবং সর্বোপরি দেশবাসীর আন্তরিক সহযোগ ও সহানুভূতিই এই জয়যাত্রার পথে হিন্দুস্থানের প্রধান পাথেয়।

### সাফল্যের পরিচয়

| | |
|---|---|
| মোট চলতি বীমা | ২৪ কোটি ৮২ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ৫ „ ৪২ „ „ „ |
| প্রিমিয়ামের আয় | ১ „ ১২ „ „ „ |
| মোট সংস্থান | প্রায় ৬ কোটি টাকা |
| দাবী শোধ (১৯০৭-৪৩) | তিন কোটি টাকার উপর |

নূতন বীমা (১৯৪৩)—
৫ কোটি ৩১ লক্ষ টাকার উপর

**হিন্দুস্থান কো-অপারেটিভ্‌**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড.
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্‌ঃ কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৪ঠা আশ্বিন বুধবার সন ১৩৫১ সাল

## এসো মা আনন্দময়ি!

আজ তোমার সন্তানগণ ভীত—চকিত—অভাবগ্রস্ত। খাদ্যে, পরিধানে, সাধনে, প্রসাধনে কঠোর নিয়মাধীন। অর্থ থাকিলেই যে আবশ্যকীয় দ্রব্য অনায়াসলভ্য একথা যেন মনে না করেন। তোমার রণরঙ্গিণী মূর্ত্তি কোন্ পৌরাণিক যুগ হইতে দেখিয়া আসিতেছে, পূজা করিয়া আসিতেছে তোমার ভক্তগণ, কাজেই সে মূর্ত্তি দেখিয়া আর কারো ভয়ের সঞ্চার হইত না। অত্যাচারের প্রতিমূর্ত্তি মহিষাসুরও তেমন ভীতির সঞ্চার করে না, যেমন শঙ্কার উদ্রেক করিতেছে জলে, স্থলে, অন্তরীক্ষে আমাদেরই মত মানবদেহধারী—মানবহন্তা—পরার্থনাশী অত্যাচারীর দল। "ধর্ম্মের জয় অধর্ম্মের ক্ষয়" চিরদিন শুনে আসছি মা, কিন্তু সে ক্ষয় হ'তে এত অধিক সময় লাগে যে অতদিন অপেক্ষা করার ধৈর্য্য রাখা খুব কঠিন। শুন্‌ছি বিশ্বগ্রাসী ক্ষুধা লইয়া যে দানবরূপী মানব এই পৃথিবীর সমস্ত শান্তি নষ্ট করেছে তার সমস্ত গর্ব্ব খর্ব্ব হ'তে দেরী নাই। সে অপেক্ষায় বেঁচে থাকা কঠিন মা। তোমার পূজার উপচার সংগ্রহ করা দূরের কথা, বেঁচে থাকার মত দ্রব্যাদি আমরা যোগাড় করতে পারিনা। তোমাকে ব'লে কি জানাবো মা, তুমিতো সব জানতে পারছো—আমরা কি অবস্থায় আছি। কাজেই গঙ্গা জল ও বিল্বপত্রাঞ্জলি ভিন্ন তোমার তুষ্টি সম্পাদনের অন্য কোন আয়োজন নাই।

তোমাকে তো তাই দিয়ে তুষ্ট করবো কিন্তু তোমার পূজা উপলক্ষে আর যার যার কাছে দেয় আছে তারাতো গঙ্গাজল বেলপাতায় খুসি হবে না মা। তাদের অসন্তুষ্টি মাথা মুখগুলি মনে হলেও কষ্ট হয় মা। এই সময়ে হিন্দু মুসলমান উভয় সম্প্রদায়ের নেতৃদ্বয় একত্রে মিলিত হইয়াছেন। সময় বুঝে ঈদ্ ও দুর্গোৎসব একই সময়ে হ'য়ে বাজারে সব জিনিসই দুষ্প্রাপ্য ক'রে তুলেছে। কালাবাজারের চোরার দল মহিষাসুর চেয়েও অত্যাচারী হ'য়ে উঠেছে। তাদের নিধন কে করবে মা!

## জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর মনোনীত কমিশনরগণ

প্রায় দেড় বৎসর অতীত হইল জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর ১৪ জন কমিশনর নির্ব্বাচনের সদর দরজা দিয়া প্রবেশের অধিকারী হইয়াও নিষ্ক্রিয় অবস্থায় অবস্থান করিতেছিলেন। সম্প্রতি নিম্নলিখিত ৪ জন কমিশনর মনোনয়নের খিড়কীর দরজা দিয়া প্রবেশের অধিকারী হইয়াছেন।

(১) মৌঃ জাহিরউদ্দীন বিশ্বাস বি, এল,
(২) মৌঃ কেতাবুদ্দীন বিশ্বাস মোক্তার
(৩) মৌঃ মহম্মদ সেকেন্দার
(৪) শ্রীযুক্ত বাবু কুবেরচাঁদ হালদার।

## জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যান—ভাইস্‌চেয়ারম্যান নির্ব্বাচন

আগামী ৩রা অক্টোবর মঙ্গলবার উক্ত মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যান ও ভাইস্‌চেয়ারম্যান নির্ব্বাচনের দিন স্থির হইয়াছে। মিউনিসিপ্যাল রাজলক্ষ্মী কোন্ ভাগ্যবানের অঙ্কশায়িনী হইবেন তাহা ভবিতব্যই জানে।

## আমাদের ছুটি

শারদীয়া মহাপূজা উপলক্ষে "জঙ্গিপুর সংবাদ" দুই সপ্তাহের জন্য বন্ধ থাকিবে।

## এক মণ স্বর্ণ উদ্ধার

রাওলপিণ্ডির সংবাদে প্রকাশ, সেখানকার পুলীশ রঘুবীর সিংএর দোকান খানাতল্লাসী করিয়া এক মণ ওজনের স্বর্ণালঙ্কার, ৪ মণ রৌপ্য এবং কারেন্সী নোট বোঝাই একটি বাক্স উদ্ধার করিয়াছে। এই শিখের কাছে কয়েকটি হুঁকাও পাওয়া গিয়াছে। এগুলি নাকি বন্ধকী মাল। এই বিপুল সম্পত্তি সত্বেও দোকানদার ও তাহার স্ত্রী অত্যন্ত কৃপণের মত জীবন-যাপন করিত।


## দুর্ঘটনা

### হনুমানের আক্রমণে ছাদ হইতে পতনে মৃত্যু

জঙ্গিপুর উচ্চ ইংরাজী বিদ্যালয়ের মুসলমান বোর্ডিংএর দোতালার ছাদে উঠিয়া কতকগুলি বালক হনুমান তাড়াইতেছিল। দরবারী নামে দশ বৎসর বয়স্ক একটী দরিদ্র মুসলমান বালক (স্কুলে পাখা টানিত) তাহাদের সঙ্গে ছিল। হনুমানে তাড়া করায় বালকটী আত্ম-রক্ষার্থ ছাদের কার্ণিশ ধরিয়া ঝুলিয়া পড়ে এবং সেখান হইতে নীচে পড়িয়া গিয়া সাংঘাতিকভাবে আহত হয় এবং মৃত্যুমুখে পতিত হয়।

## বিনা টিকিটে ভ্রমণ

রেলপথে টিকিটহীন যাত্রীর সংখ্যা ইদানীং বিলক্ষণ বৃদ্ধি পাইয়াছে এবং তাহা রোধ করিবার জন্য রেল-কর্ত্তৃপক্ষও যথেষ্ট কঠোর ব্যবস্থা অবলম্বন করিয়াছেন। ই-আই রেলের পাটনা-গয়া শাখা পথে চলন্ত ট্রেণের ভিতরেই একজন মাজিষ্টর বিচার করিতেছেন। প্রকাশ, পাটনা সদরের একজন পুলীশ সাব-ইনস্পেক্টর বিনা টিকেটে ট্রেণে চড়িয়া কোথায় যাইতেছিলেন; ঐ মাজিষ্টরের বিচারে তাঁহার ৩০০৲ তিনশত টাকা জরিমানা হইয়াছে। দণ্ড কঠোর সন্দেহ নাই। কিন্তু যাহারা রেল-কর্ত্তৃপক্ষকে ফাঁকি দিবার উদ্দেশ্যে ইচ্ছাপূর্ব্বক বিনা টিকিটে ট্রেণে যাতায়াত করিয়া থাকে, তাহাদের প্রতি কঠোর দণ্ড বিধান করাই উচিত। যাহারা অবস্থার গতিকে টিকিট করিতে না পারিয়াও ট্রেণে উঠিতে বাধ্য হয়, তাহাদের প্রতি দণ্ডবিধানকালে বিচারককে বিশেষরূপ বিবেচনা করিতে হইবে। ইদানীং অনেক ষ্টেশনেই ভিড়ের জন্য লাইন দিয়া টিকিট কিনিতে হয় এবং সময়, সুযোগ ও সামর্থ্যের অভাবে অনেক যাত্রীর পক্ষে টিকিট কিনিয়া ট্রেণে উঠা সম্ভব হয় না। এরূপ অবস্থায় তাহাদের প্রতি কঠোর দণ্ড বিধান না করিয়া রেল-কর্ত্তৃপক্ষ যদি ট্রেণের ভিতরে টিকিট বিক্রয়ের ব্যবস্থা করিয়া দেন, তাহা হইলেই সুবিবেচনার কাজ হয়।



মনুষ্যপাল "ইন্টেলেক্চুয়াল" কুস্তির
প্যাঁচের ম্যাচ।
৩রা অক্টোবর ফাইনাল



আর একটা মরলে কাষ্টিং এ দেখা যেতো।
দুটো মরলে "সিওর"



সেয়ানে সেয়ানে কোলাকুলি



বিজেতা



বিজিত

## কবি ও আর্টিষ্ট



সান্ধ্যভ্রমণে বাহির হইবেন, এমন সময়ে এক- খানি অর্দ্ধ সমাপ্ত ছবি হস্তে একটী মনুষ্যাকৃতি জীবকে বৈঠকখানায় আসিতে দেখিয়া কর্ত্তা—কে বাবা তুমি এই মহালয়ার সন্ধ্যায় আমার ঘরে ?

আগন্তুক—আমি একজন কবি ও আর্টিষ্ট।

কর্ত্তা—এখানে কেন ?

আগ—আমি আপনার কন্যার পাণিপ্রার্থী

কর্ত্তা—এ ছবি কার ?

আগ—ইনি আজ পরজগতে। এঁরই প্রেরণায় আমি কাব্য লিখি, ছবি আঁকি।

কর্ত্তা—তা বাবা, ওঁর কাছে গিয়ে সেই জগতের কারো পাণিপ্রার্থী হবার চেষ্টা দেখো। আমার কন্যার উপর নজর কেন ? বুঝতে পারছিনা—এটা এ জগতের না পরজগতের। আজই রোজা ডাকিয়ে মেয়েটার জল- পড়া বা মাদুলীর ব্যবস্থা করতে হবে। রাম ! রাম !! রাম !!!

আগ—কবি বা আর্টিষ্ট কখনও দেখেনি ? নেহাৎ অনকালচার্ড !

## শ্বশুরালয়ে



হে রোহিত-মস্তক ! পর গৃহে তুমি চমৎকার। নিজ গৃহে প্রবেশ নিষেধ।

---

## BAR-FRIEND বার বন্ধু



প্রবেশে বন্ধু—তৎপরে ইহাই।

## দেশবাসীদিগের অন্নসংস্থানের উপায় করিয়া অনশন ক্লেশ ও দুর্দ্দশা দূর করুন।

## দরিদ্র ও পঙ্কিল বসতিসমূহের উচ্ছেদ করুন।

দেশী বিড়ি প্রস্তুত ব্যাপারে সহস্র সহস্র নরনারী বালকবালিকা ঘরে বসিয়া কাজ পায়।

দুর্বল অক্ষম আতুরদিগের গ্রাসাচ্ছাদন যোগাইয়া দুঃখ দূর করিতে

আ প নি ও

আমাদিগকে সাহায্য করিতে পারেন

ভারতে উৎপন্ন উৎকৃষ্ট তামাকে হাতে তৈয়ারী ভারতবিখ্যাত

# মোহিনী বিড়ি

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন

**ধূমপানে পূর্ণ আনন্দ পাইবেন।**

ইহার বিশুদ্ধতা ও গুণের জন্য আমরা গ্যারাণ্টি দিয়া থাকি।

আমাদের অন্যান্য বিড়ির মার্কা ত্রিশূল, পাঞ্জা ছাপ, শিকারী, সুন্দরী নাগকন্যা, ১১১নং ৬০৮নং ও ৬১নং প্রভৃতি

মূল্য তালিকা ও পাইকারী দরের জন্য লিখুন :—

আমাদের বিশিষ্ট বিড়ির তামাক— ১নং, ৫৫এ, ২,২এ, ৫৫৫, ৯৯০এ ৯৯৯, ১৫০এ, ও ১৫০নং প্রভৃতি।

একমাত্র স্বত্বাধিকারী ও প্রস্তুতকারক ঃ

## মুলজী সিক্কা এণ্ড কোং

হেড অফিস—৫১নং এজরা ষ্ট্রীট, কলিকাতা।

—ফ্যাক্টরী—

মোহিনী বিড়ি ওয়ার্কস্ গোণ্ডিয়া, সি, পি, আওরঙ্গাবাদ (মুর্শিদাবাদ)।

—শাখাসমূহ—

১৬০, নবাবপুর রোড, ঢাকা। সরায়াগঞ্জ, মজঃফরপুর, বি, এন, ডবলিও, আর।

## আমাদের নিকট বিড়ি প্রস্তুতের উপাদান (তামাক ও পাতা) খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়।

দরের জন্য লিখুন।

## নিষ্কর জমি বিক্রয়

১। জেলা মুর্শিদাবাদ থানা সাগরদীঘি পরগণা গনকর ৭০ নং তৌজি মৌজা ভূমিহর দক্ষিণপাড়া মধ্যে ৫০৯ নং খতিয়ান ভুক্ত দাগ নং ২১৩০ লাখরাজ জমির পরিমাণ ৮৬ শতক

২। জেলা ঐ থানা ঐ পরগণা ঐ মৌজা ঐ ৭১ নং তৌজি মধ্যে নিষ্কর ২৯০ নং খতিয়ানভুক্ত দাগ নং ১০৭৪ জমির পরিমাণ ৫৭ শতক

মোট ১ একর ৪৩ শতক নিষ্কর জমি

## মাল জমি বিক্রয়

১। জেলা ঐ থানা ঐ পরগণা ঐ মৌজা ঐ ৭২ নং তৌজি মধ্যে ১ একর ৬৬ শতক জমির বার্ষিক জমা ৩॥০

| খতিয়ান নং | দাগ নং | জে. এল নং |
|---|---|---|
| ৫৫৬ | ১২২৫ | ৩৮ |

২। জেলা ঐ থানা ঐ পরগণা আকবরসাহী মৌজা ভূমিহর ৬০৯ নং তৌজি মধ্যে ৩৯ শতক জমির কাত বার্ষিক জমা ১॥/০

| খতিয়ান নং | দাগ নং | জে, এল নং |
|---|---|---|
| ৭৭৭ | ৫৩৯ | ৩৮ |

৩। জেলা ঐ থানা ঐ পরগণা ঐ মৌজা ঐ ৫৩৮ নং তৌজি জমির পরিমাণ ৯৭ শতক বার্ষিক জমা ২৲ টাকা

| খতিয়ান নং | দাগ নং | জে, এল নং |
|---|---|---|
| ৬৯০ | ৪৪৯ | ৩৮ |

মোট ৩ একর ০২ শতক মাল জমি

নিম্নলিখিত ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীনৃসিংহপদ চট্টোপাধ্যায়
C/O শ্রীযুক্ত বাবু মৃত্যুঞ্জয় রায়
বহরমপুর
পুরাতন ছাপাখানার গলি
পোঃ খাগড়া ( মুর্শিদাবাদ )





দি ওয়ার্ম ইণ্ডিকা ( আমেরিকায় পরীক্ষিত )

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়। প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস

"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, ( মুর্শিদাবাদ )


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।